

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:17-09-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু বলেছেন জৈব পদ্ধতিতে চাষের ক্ষেত্রে ত্রিপুরা উল্লেখযোগ্য অগ্রগতি ঘটিয়েছে। পরিবেশবান্ধব চাষের পরিবেশ সৃষ্টির ক্ষেত্রে ত্রিপুরা যে চমকপ্রদ সাফল্য দেখিয়েছে তা খুব প্রশংসার দাবি রাখে। গতকাল আগরতলা প্রেস ক্লাবে ইন্দ্রজিৎ চক্রবর্তীর লেখা 'ত্রিপুরার মাটির উর্বরতা, পরীক্ষা, ফসল, চাষবাস ও গবেষণা' শীর্ষক পুস্তকটির আবরণ উন্মোচন করে রাজ্যপাল একথা বলেন। তিনি বলেন, সমাজ জীবনে এবং ভারতীয় অর্থনীতিতে কৃষির গুরুত্ব উপলব্ধি করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কৃষকদের অবস্থার উন্নয়নের উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। ত্রিপুরার বিভিন্ন জায়গার মাটিতে কি কি ফসল বেশী করে উৎপাদন করা যায় তা এই বইটি পড়ে কৃষকগণ ভালভাবে উপলব্ধি করতে পারবেন বলে রাজ্যপাল আশা প্রকাশ করেন।

P,M. gift item e-Ouction..

আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পাওয়া উপহারের ই-নিলাম শুরু হচ্ছে। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়ান গতকাল নয়াদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে এই ঘোষণা করেছেন। নমামি গঙ্গে তহবিলে এই ই-নিলামে অংশগ্রহণের জন্য জনগণকে আহ্বান জানান তিনি। তিনি বলেন, এ বছর নিলামের ষষ্ঠ কিস্তি অনুষ্ঠিত হচ্ছে। এটি প্রাথমিকভাবে ২০১৯ সালে চালু

হয়েছিল। আগামীকাল থেকে জনগন তাদের পছন্দের স্মারকের জন্য বিড করতে পারবেন। অনলাইন নিলাম চলবে আগামী ২ অক্টোবর পর্যন্ত।

Siddheswari Temple:

উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ গতকাল মোহনপুর মহকুমার বড়কাঁঠালে নবনির্মিত সিদ্ধেশ্বরী মন্দিরের উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে শ্রী আদিত্যনাথ বলেন, সনাতন ধর্ম সকল ধর্মের প্রতি সম্মান প্রদর্শন করতে শেখায়। সনাতন ধর্মাবলম্বীদের অন্য ধর্মের প্রতি শ্রদ্ধা রেখেই নিজ ধর্মকে সুরক্ষিত রাখতে হবে। ত্রিপুরায়ও বর্তমানে রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টায় সৌহার্দ্যপূর্ণ ও শান্তিপূর্ণ পরিবেশ তৈরী হয়েছে। একে বজায় রাখার জন্য ত্রিপুরা সরকারের প্রতি জনগণকে সহযোগিতার হাতও বাড়িয়ে দিতে হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা:) মানিক সাহা বলেন, ভগবানের প্রতি আস্থা ও বিশ্বাস রাখতে হবে। ত্রিপুরাসুন্দরী মন্দির, চৌদ্দ দেবতা মন্দির, কসবা মন্দিরের মত আগামী দিনে এই সিদ্ধেশ্বরী মন্দিরটিও একটি ধর্মীয় পর্যটনকেন্দ্র হিসেবে পরিচিতি লাভ করবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ব হিন্দু পরিষদের কেন্দ্রীয় সহমন্ত্রী ড. শচীন্দ্রনাথ সিনহা, পদ্মশ্রী শান্তিরঞ্জন মহারাজ পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, সাংসদ বিপ্লব কুমার দেব ও রাজীব ভট্টাচার্য।

PM Inauguration:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ওড়িশায় পিএম আবাস যোজনা শহরাঞ্চলের সুবিধাপ্রাপকদের সঙ্গে মতবিনিময়ের পাশাপাশি ভুবনেশ্বরে ৩ হাজার ৮০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন। আহমেদাবাদের জিএমডিসি গ্রাউন্ডে গতকাল ৪ হাজার কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করার পরে একটি সমাবেশে প্রধানমন্ত্রী বর্তমান যুগকে ভারতের জন্য স্বর্ণযুগ বলে অভিহিত করেছেন। তিনি বলেন যে ভারত তার অমৃতকাল উদযাপন করছে এবং আগামী ২৫ বছরে ভারতকে একটি উন্নত দেশ হিসাবে গড়ে তোলার লক্ষ্য রয়েছে। আমেদাবাদ ও ভূজের মধ্যে দেশের প্রথম নমো ভারত র্যাপিড রেল এবং আরও ছটি বন্দে ভারত ট্রেনের সূচনা করেন। প্রধানমন্ত্রী আগামী দিনে দেশের অন্যান্য অংশে নমো ভারত র্যাপিড রেল চালু করার পরিকল্পনার কথাও জানান।

VISWA KARMA PUJA:

আজ দেবশিল্পী বিশ্বকর্মা পূজা। কুশলতা, দক্ষতা, সমৃদ্ধির কামনায় বিভিন্ন কলকারখানা, শিল্প প্রতিষ্ঠানে এই পূজার আয়োজন করা হচ্ছে। আগরতলার বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে, কারিগরী দোকানে, কারখানায় বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয়েছে। বিশ্বকর্মা পূজা উপলক্ষে শহরে উৎসবের পরিবেশ তৈরী হয়েছে। আকাশবাণী আগরতলার কর্মীবৃন্দ রানীরবাজার বৃদ্ধি নগরের ট্রান্সমিশন কেন্দ্রে বিশ্ব কর্মা পূজার আয়োজন করেছেন।

youth workshop in Belonia

বিলোনিয়া শ্রী শ্রী রামকৃষ্ণ সারদা আশ্রমের উদ্যোগে এবং আগরতলার বিবেকনগর রামকৃষ্ণ আশ্রমের সহযোগিতায় গতকাল বিলোনিয়ার শচীন দেববর্মন অডিটোরিয়ামে যুবক- যুবতীদের ব্যক্তিত্ব বিকাশের লক্ষ্যে একদিনের যুব কর্মশালা অনুষ্ঠিত হয়। স্বামীজীর আদর্শে যুবসমাজকে উদ্ভুদ্ধ করা এবং যুব সমাজকে সঠিক পথে চালিত করাই হলো এই শিবিরের মূল উদ্দেশ্য ব লে জানান রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী শুভঙ্কর আনন্দ মহারাজ।

সাব-জুনিয়র ফুটবল:

আসামের জোরহাটে অনুষ্ঠিত জাতীয় সাবজুনিয়র বালক বিভাগের ফুটবল প্রতিযোগিতা থেকে ত্রিপুরা বিদায় নিয়েছে। গ্রুপের তৃতীয় ম্যাচে রাজ্যদল বড় ব্যবধানে জয় ছিনিয়ে দ্বিতীয় স্থান দখল করলেও পরের রাউন্ডে পৌঁছতে পারে নি। জোরহাট স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা ১৪-০ গোলে হারায় আন্দামান ও নিকোবরকে। রাজ্যদলের জেনেসিস ডার্লিং হ্যাটট্রিক সহ একাই ছয়টি এবং হামখরুনা রিয়াং হ্যাটট্রিক করে।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।
